

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-১৪৪০

অমরপুর, ৩ অক্টোবর, ২০২৪

অমরপুর মহকুমা ভিত্তিক গান্ধীজয়ন্তী উদযাপিত

যথাযোগ্য মর্যাদায় গতকাল অমরপুর মহকুমা ভিত্তিক মহাত্মা গান্ধীর জন্মজয়ন্তী উদযাপন এবং স্বচ্ছতা-হি-সেবা'র সমাপনী অনুষ্ঠান আয়োজন করা হয়। অমরপুর নগর পঞ্চায়েত এবং মহকুমা তথ্য ও সংস্কৃতি কার্যালয়ের যৌথ উদ্যোগে এই অনুষ্ঠান আয়োজন করা হয়। অনুষ্ঠানের উদ্বোধন করেন বিধায়ক রঞ্জিত দাস। অনুষ্ঠানে অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অমরপুর নগর পঞ্চায়েতের চেয়ারপার্সন বিকাশ সাহা, পঞ্চায়েত সমিতির ভাইস চেয়ারম্যান শঙ্করানন্দ সাহা, ডেপুটি এক্সিকিউটিভ অফিসার দীপক কুমার দাস প্রমুখ। অনুষ্ঠানে অতিথিগণ মহাত্মা গান্ধীর চিন্তাধারা, স্বাধীনতা আন্দোলনে তাঁর ভূমিকা ইত্যাদি নিয়ে বিস্তারিত আলোচনা করেন। অনুষ্ঠানের শুরুতে বিভিন্ন বিদ্যালয়ের ছাত্রছাত্রীদের দ্বারা স্বচ্ছতা-হি-সেবা কর্মসূচিতে প্লাস্টিকমুক্ত পরিবেশ গড়ার আহ্বান নিয়ে এক বর্ণাঢ্য র্যালি অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে ২১ জন স্বচ্ছতা কর্মী, ২৮ জন বাড়ি বাড়ি গিয়ে আবর্জনা সংগ্রহকারীকে সংবর্ধনা এবং প্রয়োজনীয় ইউনিফর্ম দেওয়া হয়।
